ভোরের কাগজ

তারিখ JUL 20 1999
পৃষ্ঠা 2 কলাম 7

80

# শিক্ষক নেতাদের শোকজ করায় বিভিন্ন কলেজে প্রতিবাদ সভা

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি ও মহাসচিবকে শিক্ষা সচিব কর্তৃক কারণ দর্শাও নোটিশ জারির প্রতিবাদে ঢাকার বেশ কয়েকটি কলেজে গতকাল সোমবার শিক্ষকের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষকদের একটি প্রতিনিধিদল গতকাল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক নাইয়ার সুলতানার সঙ্গে সাক্ষাৎ করে তাদের ক্ষোভ প্রকাশ করেন। তারা কারণ দর্শানোর নোটিশ প্রত্যাহার এবং ক্যাডারভুক্ত ও ক্যাডার-বহির্ভূত শিক্ষকদের আলাদাভাবে পদোন্নতি প্রদানের দাবি জানান। দাবি মানা না হলে আগামী ২২ জুলাই কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভায় কর্মসূচি গ্রহণে বাধ্য হবে বলে শিক্ষক নেতৃবৃন্দ মহাপরিচালককে অবহিত করেন।

উল্লেখ্য, ক্যাডার-বহির্ভূত শিক্ষকদের ক্যাডার পদে পদায়নের প্রতিবাদ করে মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করায় সমিতির সভাপতি অধ্যাপিকা জাহানারা বেগম ও মহাসচিব অধ্যাপক মোঃ কফিল উদ্দিনকে গত রোববার শিক্ষা সচিব কারণ দর্শাও নোটিশ জারি করেন। বিজ্ঞপ্তি।